দৈনিক খবর

তারিখ 16 NOV 1992
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ...

# কৃষি গবেষণা ইনস্টিটিউটে দীর্ঘদিন যাবৎ নৈরাজ্যকর অবস্থা

জয়দেবপুর (গাজীপুর), নিজস্ব সংবাদদাতা লুৎফর রহমান জানানঃ গাজীপুরস্থ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে দীর্ঘদিন যাবত অব্যবস্থা ও সুষ্ঠুভাবে কাজ করার পরিবেশের অভাবে গবেষণা ও প্রশাসনিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। দীর্ঘদিন যাবৎ বিরাজমান বিজ্ঞানী ও কর্মকর্তাদের মধ্যে বিরোধ বর্তমানে চরম আকার ধারণ করেছে। উভয় পক্ষ বহিরাগত মাস্তান ভাড়া করে প্রতিপক্ষকে হুমকি, ভয়-ভীতি দেখাচ্ছে। ফলে কর্মকর্তা-কর্মচারী ও সাধারণ শ্রমিক এ ব্যাপারে নিরাপত্তাহীনতায় ভুগছে। এই নৈরাজ্য ও অব্যবস্থা নিরসন করে কৃষি গবেষণার ইনস্টিটিউটের ভাবমূর্তি ফিরিয়ে আনার জন্য ওয়াকেবহাল মহল সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাবী জানিয়েছেন।

জানা যায়, কিছুদিন পূর্বে কয়েকজন বিজ্ঞানীকে অন্যত্র বদলী করা হলে এ ধরনের রেষারেষি সৃষ্টি হয়। গত ২৭শে অক্টোবর ইনস্টিটিউটের মহাপরিচালক ডঃ মোঃ হোসেন মন্ডলকে ওএসডি করার সংবাদ ইনস্টিটিউটে ছড়িয়ে পড়লে পরিস্থিতি আরো ভয়াবহ রূপ ধারণ করে। একদল সন্ত্রাসী গত ২৯ তারিখে অফিসের প্রধান ফটক বন্ধ করে দেয় এবং কর্মকর্তা-কর্মচারীদের যাতায়াতে বিঘ্ন সৃষ্টি করে। উর্ধ্বতন বিজ্ঞানীদের গাড়ীতে ইট-পাটকেল নিক্ষেপ করে এবং বিজ্ঞানীদের গাড়ী থেকে নামিয়ে গাড়ীর চাকার হাওয়া ছেড়ে দেয়। এ ধরনের সন্ত্রাসের কারণে বর্তমানে বিজ্ঞানী কর্মকর্তা-কর্মচারী ও সাধারণ শ্রমিকগণ তাদের কাজকর্ম ছেড়ে দিয়ে উৎকণ্ঠার মধ্য দিয়ে দিন অতিবাহিত করছে। এদিকে ক্যাম্পাসে বহিরাগত মাস্তানদের আনাগোনা ও তৎপরতা বেড়ে চলেছে। যে কোন মুহূর্তে একটা সংঘাত লেগে যাওয়ার আশংকা রয়েছে।

গত ১লা নভেম্বর সন্ত্রাসী কার্যকলাপের বিরুদ্ধে ইনস্টিটিউটের কর্মচারী সমিতির উদ্যোগে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

প্রতিবাদ সভায় বক্তাগণ সন্ত্রাসীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানান। একটি সূত্র মতে জানা যায় ডঃ মোঃ হোসেন মন্ডল বিরোধী কিছু উর্ধ্বতন বিজ্ঞানীর পরোক্ষ মদদে এই সকল সন্ত্রাসী কার্যকলাপ চালানো হচ্ছে।